**বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য গুদামজাত করনের লক্ষ্যে কি প্রক্রিয়ায় শুল্ক বন্দর হতে খালাসযোগ্য হবে ?**

বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য গুদামজাত করনের লক্ষ্যে শুল্ক বন্দরে পণ্য আগমন বা অবতরণের পর খালাসের লক্ষ্যে পণ্যের মালিক বা তৎকর্তৃক মনোনীত সি এন্ড এফ এজেন্ট দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৭৯ অনুযায়ী স্বদেশে ভোগের জন্য খালাসযোগ্য পণ্যের ন্যায় বন্ডেড ওয়্যার হাউজে গুদামজাতকরনের জন্যও একই পদ্ধতিতে বিল অব এন্ট্রি দাখিল করে এবং একই আইনের ধারা ৮০ ও ৮১ অনুযায়ী যথোপযুক্ত শুল্ক কর্মকর্তা কর্তৃক শুল্কায়ন শেষে পণ্য খালাসযোগ্য হয়। বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য খালাসের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড প্রজ্ঞাপন এসআরও নং- ১৫৩-আইন/৯৩/১৫২০/শুল্ক তারিখ: ০৩/০৮/১৯৯৩ এর মাধ্যমে একটি বিবিধমালা জারী করে, যা সম্পূর্ণ রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ নামে পরিচিত।

(খ) দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৮০ অনুযায়ী বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়নান্তে পণ্যের মালিক লাইসেন্সকৃত বন্ডেড ওয়্যার হাউসে গুদামজাত করণের জন্য একই আইনের ধারা ৮৫ মোতাবেক বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে ধারা ৮৪ অনুযায়ী আবেদন করবেন। অতঃপর ধারা ৮৬ অনুযায়ী সম্পাদিত বন্ডের বিপরীতে পণ্য খালাস হবে। এখানে উল্লেখ্য, ইতোপূর্বে ৮৬ ধারার আওতায় পণ্য শুল্কায়ন হলে ওয়্যার হাউস পর্যন্ত স্থানান্তরের জন্য রিক্স বন্ড এর মাধ্যমে গুদামজাত করনের জন্য ডিউটি বন্ড প্রচলিত ছিল। বর্তমানে উভয় বন্ডকে সমন্বয় করে মেয়াদ ভিত্তিক একটি জেনারেল বন্ড বলবৎ করা হয়েছে। তবে ধারা ৮৬(ক) অনুযায়ী গুদামজাত করনের জন্য পণ্য খালাসের বিষয়ে আইনে যাই থাকুক না কেন কমিশনার ইচ্ছা করলে চালানের উপর আরোপনীয় শুল্ক করের অনধিক সমপরিমাণ অর্থের জন্য ব্যাংক গ্যারান্টি দাখিলের নির্দেশ দিতে পারেন {সূত্রঃ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬ ৯এর ধারা ৮৪, ৮৫, ৮৬ ও ৮৬(ক) ও বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮}।